# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd


স্মারক নম্বর- ২/পরি/১১খন্ড/১খ/১৯ তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রিঃ

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত।

সূত্র : স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রিঃ

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি প্রতিষ্ঠানের এডহক কমিটি/নিয়মিত কমিটি গঠনের ক্ষেত্রে নিম্নরুপ নির্দেশনা প্রদান করা হলো :

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ খ্রিঃ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩. ২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল বেসরকারি প্রতিষ্ঠানে গঠিত এডহক কমিটির মেয়াদ শেষ হয়েছে অথবা চলমান রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নি বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী ৩০/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ খ্রিঃ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩. ২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো এডহক কমিটি গঠন হয়নি, সে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উক্ত প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) বাংলাদেশ গেজেট, অতিরিক্ত,আগস্ট ৩১,২০২৫ পৃষ্ঠা নং-৮৬১৭ (আগস্ট ৩১,২০২৫ প্রকাশিত) মোতাবেক বিজ্ঞপ্তি জারীর ০৫ (পাঁচ) দিনের মধ্যে এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ পূর্বক পরবর্তী ০৫ (পাঁচ) দিনের মধ্যে প্রস্তাবিত কমিটিসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এডহক কমিটি গঠন করত: ৩০/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

(গ) সকল এডহক কমিটি ০১/১২/২০২৫ খ্রিঃ তারিখ হতে বিলুপ্ত হবে।

(ঘ) কমিটি গঠনে ব্যর্থতার ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং বিধিমতে ব্যবস্থাদির আওতায় আসবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৯/০৯/২৫


মোঃ শামীম হাসান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী।
ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)


প্রাপক:
প্রতিষ্ঠান প্রধান
এ বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয় সমূহ

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
১। বিভাগীয় কমিশনার, রাজশাহী
২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা
৪। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা
৬। অফিস কপি

School-Others-170